**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**1 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================================

১) উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের সৈনিক বিদ্যালয়ে মেয়েদের নাম ভর্তির সিদ্ধান্তকে যুগান্তকারী বলে অভিহিত ।

২) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আগামীকাল খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে ২৩ হাজার ৯শো ৫৬ জন উচ্চ এবং নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের ঠিকাভিত্তিক শিক্ষককে নিযুক্তি পত্র বিতরণ ।

৩) বিশেষ নিযুক্তি প্রক্রিয়া সম্পর্কে যেকোন দাবী আপত্তি ও দাখিলের জন্য আগামীকাল থেকে পোর্টাল খোলা হবে বলে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের ঘোষণা ।

৪) পাঁচগ্রামের কাছাড় কাগজ কলের চৌহদ্দিতে ২ হাজার ৪শো কোটি টাকা ব্যায় সাপেক্ষ বেশ কয়েকটি শিল্প স্থাপনের জন্য রাজ্য সরকার প্রস্তাব লাভ করেছে বলে শিল্প মন্ত্রী বিমল বরার প্রকাশ ।

---

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় সৈনিক বিদ্যালয়ে মেয়েদের নাম ভর্তি করার সিদ্ধান্তকে যুগান্তকারী পদক্ষেপ বলে অভিহিত করেছেন । তিনি বলেন যে এই পদক্ষেপ লিঙ্গ সমতা

এবং লিঙ্গ ন্যায়ের ক্ষেত্রে প্রগতির চিন্তাধারাকে পরতিফলিত করেছে । আজ দেরাদুনের জাতীয় সৈনিক মহাবিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে ভাষণ প্রসঙ্গে উপরাষ্ট্রপতি এ কথা বলেন । শ্রী ধনখড় বলেন যে মেয়েরা যাতে ভবিষ্যতের প্রত্যাহ্বানের সম্মুখিন হতে পারে  এবং বিশ্ব কল্যাণে যাতে তারা আবদান যুগাতে পারে সে জন্য তাদের প্রস্তুত করে তোলা প্রয়োজন ।

---

খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয় খেলার মাঠে আগামীকাল ২৩ হাজার ৯শো ৫৬ জন উচ্চ এবং নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের ঠিকা ভিত্তিক শিক্ষককে নিযুক্তিপত্র প্রদান করা হবে । স্থায়ী নিযুক্তি পত্র প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় বিশেষ নিযুক্তি প্রক্রিয়া সম্পর্কে যে কোন ধরণের দাবী ও আপত্তি দাখিলের জন্য আগামীকাল থেকে আগামী ৮ সেপ্টেম্বর পর্যন্ত সঞ্চালকালয়ের পোর্টাল খোলা থাকবে বলে ঘোষণা করেছে । সঞ্চালকালয় এক বিশেষ নির্দেশনা যোগে নিযুক্তি প্রক্রিয়ার বিজ্ঞাপন অনুসারে আবেদন করা ঠিকা ভিত্তিক এবং ষ্টেটপুল শিক্ষকরা পোর্টালের মাধ্যমে যেকোন ওজর আপত্তি দাখিল করতে পারবেন বলে জানিয়েছে । এছাড়াও , নথিপত্র পরীক্ষা সম্পর্কীত কারণে আবেদন স্থগিত রাখা ৮শো ৩৪ জন প্রার্থী পোর্টালে থাকা লিঙ্ক-এ দাবী ও আপত্তি সহ নিজেদের নথিপত্রও দাখিল করতে পারবেন । চূড়ান্ত বাছাই তালিকায় স্থান লাভ করা শিক্ষকদের নিযুক্তিপত্রে জেলা এবং বিদ্যালয়ের নামের ক্ষেত্রে যদি কোন ধরণের অমিল থাকে তবে সেই অভিযোগও পোর্টালে সন্নিবিষ্ট লিঙ্কের মাধ্যমে দাখিল করা যাবে । যে কোন দাবী এবং আপত্তির বিপরীতে প্রমান স্বরূপ নথিপত্র দাখিল করতে হবে । পোর্টালের মাধ্যমে দাখিল করা নথিপত্র সমূহ পরীক্ষা করে যোগ্য প্রার্থীদের নিযুক্তপত্র প্রদান করা হবে ।

---

রাজ্যের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা তথা সুরক্ষা সুনিশ্চিত করার লক্ষ্যে গতকাল দিসপুরে রাজ্যের মুখ্য সচিব রবি কোটার সঙ্গে পুলিশ সঞ্চালক প্রধান সহ  পুলিশের শীর্ষ আধিকারীকদের এক বিশেষ পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।বৈঠকে পুলিশ সঞ্চালক

প্রধান জ্ঞানেন্দ্র প্রতাপ সিং , বিশেষ পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং সহ অন্যান্য আধিকারীকরা অংশগ্রহণ করেন ।বৈঠকের পর প্রত্যেক জেলার আয়ুক্ত ও পুলিশ সুপারদের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা ও সুরক্ষার জন্য তাৎক্ষণিকভাবে সবধরণের ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ জারি করা হয় । রাজ্যের বিভিন্ন জেলার পুলিশ সুপার এবং জেলা আয়ুক্তরা ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে বৈঠকে অংশগ্রহণ করে সরকারী এবং বেসরকারী চিকিৎসালয়গুলোর নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে মুখ্য সচিব এবং পুলিশ সঞ্চালক প্রধানকে অবগত করান ।উল্লেখ্য সুপ্রিম কোর্ট কলকাতার একজন জুনিয়র ডাক্তারের ধর্ষণ এবং হত্যার ঘটনার পর চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে সরকারকে নির্দেশ দিয়েছিল ।

---

এয়ার মার্শাল তেজিন্দর সিং আজ নতুন দিল্লীতে ভারতীয় বায়ু সেনার উপ-প্রধান হিসেবে কার্যভার গ্রহণ করেছেন । কার্যভার গ্রহণ করার পর এয়ার মার্শাল সিং জাতীয় যুদ্ধস্মারকে গিয়ে দেশের জন্য প্রাণ আহুতি দেওয়া বীর সৈনিকদের স্মৃতির প্রতি শ্রদ্ধার্ঘ নিবেদন করেন । এয়ার মার্শাল তেজিন্দর সিং জাতীয় প্রতিরক্ষা একাডেমীর প্রাক্তব ছাত্র । তিনি ১৯শো ৮৭ সালের ১৩ জুন ভারতীয় বায়ু সেনার যুদ্ধ শাখায় যোগদান করেছিলেন । ২ হাজার ৭ সালে তিনি বায়ুসেনা পদক এবং ২ হাজার ২২ সালে তিনি অতি বিশিষ্ট সেবা পদক লাভ করেছিলেন ।

---

শিক্ষক দিবসের সঙ্গে সংগতি রেখে আসাম প্রদেশ কংগ্রেস কমিটি গুরু প্রণাম অভিযান কার্যসূচী রূপায়ন করার কথা ঘোষণা করেছে ।প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা আজ দলের সব সাংসদ ,বিধায়ক তথা পদাধিকারীদের অন্তত একজন প্রাক্তন শিক্ষাগুরুর সঙ্গে সাক্ষাৎ করে শ্রদ্ধা জানানোর আহ্বান জানান ।

---

পাচগ্রামের কাছাড় কাগজ কল চৌহদ্দিতে ২ হাজার ৪শো কোটি টাকা ব্যায় সাপেক্ষে বেশ কয়েকটি শিল্প প্রতিষ্ঠান স্থাপনের জন্য রাজ্য সরকার প্রস্তাব লাভ করেছে । আসাম শিল্প উন্নয়ন নিগম ( এ আই ডি সি ) দীর্ঘদিন থেকে বন্ধ থাকা এই কাগজ কলের ২ হাজার ৯শো ১৬ বিঘা জমি ইতিমধ্যেই অধিগ্রহণ করে নিজেদের দখলে নিয়েছে । এ আই ডি সি এই জমিতে ঔদ্যগিক পাম্প স্থাপন করে বিভিন্ন প্রতিষ্ঠানকে শিল্প স্থাপনের জন্য জমি বন্টন প্রক্রিয়া শুরু করেছে । রাজ্যের শিল্প মন্ত্রী বিমল বরা সদ্য সমাপ্ত বিধানসভা অধিবেশনে এই তথ্য প্রকাশ করেছেন । তিনি জানিয়েছেন যে কাগজ কলের ১শো ৩৬ বিঘা জমিতে বেইলফেড প্রডাক্টস টার্মিনাল স্থাপনের জন্য নুমুলীগড় রিফাইনারী লিমিটেডকে জমি বন্টন করা হয়েছে । ২শো ৫ কোটি টাকা ব্যায় সাপেক্ষে নির্মীয়মান এই প্রকল্পটি কার্যকর হলে এখানে বৃহৎ পরিমানের পেট্রোলিয়াম সামগ্রী মজুদ রাখা সম্ভব হবে । মন্ত্রী আরো জানান যে এই প্রকল্প সম্পূর্ণ হলে প্রায় ৩শো জন লোক প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে কর্ম সংস্থান লাভ করবেন । তিনি জানান যে আরো ১টি শিল্প প্রতিষ্ঠান ২ হাজার কোটি টাকা ব্যায় সাপেক্ষে বাঁশ থেকে মিথানল প্রস্তুত করার জন্য জমি চেয়ে আবেদন দাখিল করেছে । কাগজ কলের ২শো ১২ বিঘা জমিতে সরকার একটি মাল্টি মডেল লজিষ্টিক পার্ক স্থাপনের জন্যও পরিকল্পনা গ্রহণ করেছে বলেও তিনি জানান । এই প্রকল্পটি রেলপথ , স্থলপথ এবং অভ্যন্তরিণ জল পরিবহণ ব্যবস্থাকে সংযোজিত করবে ।

---

নর্থইষ্ট ইউনাইটেড এফ সি ১৩৩ তম ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতার খেতাব অর্জন করেছে ।গতকাল কলকাতার বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত প্রতিযোগিতার চূড়ান্ত খেলায় গুয়াহাটীর দলটি বিগত বছরের চ্যাম্পিয়ন তথা আই এস এল লীগ বিজয়ী মোহন বাগান দলকে টাইব্রেকারে ৪-৩ গোলের ব্যবধানে পরাজিত করেছে ।উল্লেখ্য নর্থইষ্ট ইউনাইটেড এই প্রতিযোগিতার প্রত্যেকটি খেলায় জয়লাভ করে ফাইনেলে প্রবেশ করেছিল ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে ট্রেনের পরিচালনগত দক্ষতা এবং সুরক্ষা বৃদ্ধির লক্ষ্যে লামডিং ডিভিশনের অধীন লাংটিং ইয়ার্ডে পূর্বের বিদ্যমান১২ ট্র্যাক টার্ন

আউট পরিবর্তন করে আরো অধিক সুরক্ষিত ১৬ টার্ন আউট সেট স্থাপন করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে ট্রেন সংযোগ পরিকাঠামোর উন্নয়ন এবং আপগ্রেডেশনের জন্য ক্রমশ প্রচেষ্টা এবং বিনিয়োগ অব্যাহত রয়েছে ।

---

হাইলাকান্দি  জেলা পশু বিভাগের উদ্যোগে জেলায় গবাদি পশুর বাত রোগের চর্তুথ পর্য্যায়ের টীকাকরন অভিযান আজ থেকে শুরু হয়েছে । আজ জেলার সোনাছড়া চা বাগানে আয়োজিত টীকাকরন শিবিরে গবাদি পশুর বাত রোগের টীকাকরন হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত শিবিরে বক্তব্য রাখতে গিয়ে জেলা পশু চিকিৎসা আধিকারীক ডি ভি তালুকদার জানান যে আগামী তিন মাস গবাদি পশুদের এই টীকাকরন অভিযান অব্যহত থাকবে । চলতি চর্তুথ পর্য্যায়ের অভিযানে জেলায় এক লক্ষ ২০ হাজার গবাদি পশুর টীকাকরন করা হবে । উল্লেখ্য ২০১৯ সাল থেকে জেলায় এখনো পর্য্যন্ত তিনটি পর্য্যায়ের টীকাকরন অভিযান শেষ হয়েছে ।

---

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে অভিযান চালিয়ে চারটি প্যাকেটে দশ হাজার ইয়াবা ট্যাবলেট সহ এক জন ব্যাক্তিকে আটক করেছে । আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে করিমগঞ্জ চরগোলা এলাকা থেকে ইয়াবা ট্যাবলেট সহ সাফান উদ্দিন নামের এই ব্যাক্তিকে আটক করা হয়েছে । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

উধারবন্দ শিক্ষা খন্ডের অধীন দুটি শিক্ষাখন্ডে দুটি পর্য্যায়ে পাঁচ দিবসীয় প্রশিক্ষন কর্মশালা গত ১৭ই অগাষ্ট এবং ৩১শে অগাষ্ট সম্পন্ন হয়েছে । দুটি পর্য্যায়ের প্রশিক্ষনে উধারবন্দ শিক্ষাখন্ডের মোট ৬শ ৪১জন শিক্ষক-শিক্ষিকা অংশগ্রহন করেন এবং মোট ১৮ জন প্রশিক্ষক প্রশিক্ষন দেন । উল্লেখ্য জাতীয় শিক্ষানীতি ২০২০-র সফল বাস্তবায়ন এবং

ভবিষ্যৎ প্রজন্মকে বুনিয়াদী শিক্ষা সম্পর্কে অবগত করাতেই প্রশিক্ষন কর্মশালার আয়োজন করা হয় ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার আয়োজিত নক আউট ফুটবল চ্যাম্পিয়নশিপে আজ সুনাইছড়া ফুটবল ক্লাব জয়ী হয়েছে। নেতাজি সুভাষচন্দ্র বসুর স্টেডিয়ামে
আজ তারা ১-০ গোলে রাঙ্গাউটি তুফান ক্লাবকে পরাজিত করেছে। ম্যাচের ৯ মিনিটে সোনাইছড়া ফুটবল ক্লাবের হয়ে নোয়েল ধাকর জয়সূচক গোলটি করেন। আগামীকাল আলগাপুর ফুটবল ক্লাব মায়া ক্লাবের বিরুদ্ধে খেলবে।